

কারিগরি উপবৃত্তি সফটওয়্যার DTE Stipend MIS এর বেনিফিশিয়ারী তালিকায় ডিপ্লোমা ১ম, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব হিসাবে প্রদর্শিত শিক্ষার্থীর তথ্য নিষ্ক্রিয়করণ প্রসঙ্গে।

মহোদয়,

শুভেচ্ছা ও সালাম গ্রহণ করুন!

কারিগরি উপবৃত্তি সফটওয়্যার DTE Stipend MIS এর বেনিফিশিয়ারী তালিকায় ডিপ্লোমা ১ম, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব হিসাবে প্রদর্শিত যে সকল শিক্ষার্থীর তথ্য অদ্যাবধি নিষ্ক্রিয় করা হয়নি (তালিকা সংযুক্ত) সে সকল শিক্ষার্থীর তথ্য আগামী ২৬/০১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিষ্ক্রিয় অথবা প্রয়োজন সাপেক্ষে তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পরে অধিদপ্তর হতে ঐ সকল শিক্ষার্থীর তথ্য স্বয়ংক্রিয়ভাবে নিষ্ক্রিয় করা হবে।

উল্লেখ্য, বিগত ১২/১২/২০২২ খ্রি. তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তিতে প্রি-ভোকেশনাল ষষ্ঠ, সপ্তম, অষ্টম শ্রেণি; এস এস সি/দাখিল (ভোকেশনাল) নবম-দশম শ্রেণী; এবং ডিপ্লোমা দ্বিতীয় পর্ব, তৃতীয় পর্ব, পঞ্চম পর্ব ও সপ্তম পর্বের ডাটা এন্ট্রি ও আপডেট করার নির্দেশনা দেওয়া হয়েছিল। এছাড়া বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল শিক্ষার্থী উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের তথ্য Beneficiary Status-এ টুকে নিষ্ক্রিয় করার নির্দেশনা দেওয়া হয়েছিল।

ধন্যবাদ

উপবৃত্তি সেল

কারিগরি শিক্ষা অধিদপ্তর

জরুরী প্রয়োজনেঃ +৮৮০২২২২২৪৩০৪০,

অথবা ০১৭২৭৮৬৭৪৮৯।